শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০৪০০.০১৭.২৭.০০১.১৭- ১৩৪৭

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর, ২০২০

বিষয় : রিট পিটিশন নং-৭৩৪/২০২০ এর আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল ১০২১/২০২০ মামলার ১৩/০৯/২০২০ তারিখের আদেশ বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: এ বিভাগের আইন-১ অধিশাখার স্মারক নং-১০৭৮, তারিখ: ০৩/১২/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে, বিজ্ঞ আপীল বিভাগের চেম্বার জজ আদালতের আদেশের প্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার কাকচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন পল্টু'র সাময়িক বরখাস্ত সংক্রান্ত আদেশটি পুনরায় কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :বর্ণনামতে।

১০/১২/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
Email : Up1lgd@gmail.com

জেলা প্রশাসক
বরগুনা।

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

D:\Share\UP\sohag-letter-4-

তারিখ: ১৫/১০/২০২০ ইং
বরাবর

সচিব,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) উপজেলা অধিশাখা |
| ৩) যুগ্ম-সচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্ম-প্রধান | ৪) নগর উন্নয়ন |
| | ৫) পাস |
| | ৬) আইন |

ডাইরি নম্বর: ১৫/১০/২০২০ স্বাক্ষর

দৃষ্টি আকর্ষণঃ : উপ সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,
স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ-১, শাখা,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ **মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০২১/২০২০ এর বিগত ১৩/০৯/২০২০ ইং তারিখের আদেশ প্রতিপালন প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মকবুল হোসেন মিলন, পিতা: মোঃ আফজাল হোসাইন, ইউপি সদস্য, ৬নং কাকচিড়া ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড নং-৪, সাং-রুপধন, থানা: পাথরঘাটা, জেলা: বরগুনা এই মর্মে আপনাকে অবহিত করছি যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার ৬নং কাকচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন পল্টু এর বিরুদ্ধে বিগত ফেব্রুয়ারী ও মার্চ, ২০২০ মাসের ইং মাসের বরাদ্দকৃত চাল (প্রতিমাসে ৪০ কেজি করে ২ মাসে মোট ৮০ কেজি প্রতিজন) সুবিধাভোগীদের মাঝে ৮০ কেজির স্থলে নিয়ম বহির্ভূতভাবে ৩০ কেজি করে বিতরণ করেন। সরকারি ভিজিএফ (মৎস্য) এর চাল নিয়ম বহির্ভূতভাবে আত্মসাত করার অভিযোগে পাথরঘাটা থানায় সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাদী হয়ে পাথরঘাটা থানার মামলা নং ০১ (দুদক) তাং ১৬/০৪/২০২০ ইং, ধারাঃ দন্ডবিধি ৪০৯ ধারা তৎসহ ১৯৪৭ সালের দূর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা দায়ের করিলে অভিযুক্ত ইউপি চেয়ারম্যান গ্রেপ্তার হন এবং উক্ত অভিযোগ তদন্তে প্রমানিত হওয়ায় জেলা প্রশাসক, বরগুনা- এর সুপারিশক্রমে আপনার মন্ত্রণালয় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(১) ধারা অনুযায়ী উক্ত ইউপি চেয়ারম্যানকে স্মারক নং ৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০-৩৭৪ তারিখ ১৫ এপ্রিল, ২০২০ মূলে তাকে স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত আদেশে সংক্ষুব্ধ হয়ে জনাব মোঃ আলাউদ্দিন পল্টু মহামান্য হাইকোর্ট বিভাগে ভি.সি. রীট পিটিশন নং ৭৩৪/২০২০(এনেক্স-১৭) দায়ের করেন এবং শুনানীয়ান্তে হাইকোর্ট বিভাগের একটি ভার্চুয়াল বেঞ্চ বিগত ২২/০৭/২০২০ ইং তারিখ উক্ত সাময়িক বরখাস্ত আদেশকে নিয়মিত আদালত চালু হওয়ার পূর্ব পর্যন্ত স্থগিত করেন। উক্ত আদেশের বিরুদ্ধে আমি নিম্ন স্বাক্ষরকারীসহ আরও ৮ (আট) জন ইউপি সদস্য আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০২১/২০২০ দায়ের করি এবং শুনানীয়ান্তে বিগত ১৩/০৯/২০২০ ইং তারিখ আপীল বিভাগের পূর্নাঙ্গ বেঞ্চে ২(দুই) সপ্তাহের মধ্যে জনাব মোঃ আলাউদ্দিন পল্টুকে হাইকোর্ট বিভাগে নিয়মিত রীট পিটিশন দাখিল করার নির্দেশনা দেন এবং আরও উল্লেখ করেন ব্যার্থতায় বিগত ২২/০৭/২০২০ ইং তারিখে হাইকোর্ট বিভাগ কর্তৃক ইস্যুকৃত স্থগিতাদেশ বাতিল মর্মে গন্য হবে। উল্লেখ্য, ২(দুই) সপ্তাহের মধ্যে হাইকোর্ট বিভাগে নিয়মিত আদালতে মামলা করতে ব্যর্থ হইলে ভার্চুয়াল আদালতের স্থগিতাদেশ খারিজ হইবে। জনাব মোঃ আলাউদ্দিন পল্টু আপীল বিভাগের নির্দেশনা অনুযায়ী হাইকোর্ট বিভাগে নিয়মিত রীট পিটিশন নং ৬১৫৬/২০২০ দায়ের করিলে উহা শুনানীয়ান্তে বিগত ২৯/০৯/২০২০ ইং তারিখ এনেক্স-৩৩ নং কোর্ট এবং বিগত ০৬/১০/২০২০ ইং তারিখ এনেক্স-৩৫ নং কোর্ট কোন আদেশ প্রদান না করিয়া মামলাটি সরাসরি তালিকা বহির্ভূত করে দেয়। যেহেতু, আপীল বিভাগ বিগত ১৩/০৯/২০২০ ইং তারিখের আদেশ মোতাবেক ভার্চুয়াল আদালতের স্থগিতাদেশের ২ (দুই) সপ্তাহের পরে খারিজ হইয়া গিয়াছে। তাই, জনাব মোঃ আলাউদ্দিন পল্টুকে তার স্বীয় পদ হইতে সাময়িক বরখাস্ত করা আবশ্যক।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০২১/২০২০ এর বিগত ১৩/০৯/২০২০ ইং তারিখের আদেশ মোতাবেক জনাব মোঃ আলাউদ্দিন পল্টুকে তার স্বীয় পদ হইতে সাময়িক বরখাস্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের মর্জি হয়।

১০৬৬ ১৫/১০/২০

বিনীত-
মোঃ মকবুল হোসেন মিলন
(মোঃ মকবুল হোসেন মিলন)
মোবা: ০১৭৪০-৮১০৯১২

সংযুক্তি:

১। স্মারক নং ৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০-৩৭৪ তারিখ ১৫ এপ্রিল, ২০২০ ইং
২। ভি.সি. রীট পিটিশন নং ৭৩৪/২০২০(এনেক্স-১৭) এর বিগত ২২/০৭/২০২০ ইং তারিখের আদেশ।
৩। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১০২১/২০২০ এর বিগত ১৩/০৯/২০২০ ইং তারিখের আদেশ।
৪। বিগত ২৯/০৯/২০২০ ইং তারিখ এনেক্স-৩৩ নং কোর্ট এবং বিগত ০৬/১০/২০২০ ইং তারিখ এনেক্স-৩৫ নং কোর্টের আদেশের অনলাইন কজলিস্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০-৩৭৪

তারিখ- ০২ বৈশাখ ১৪২৭ / ১৫ এপ্রিল ২০২০

## প্রজ্ঞাপন

যেহেতু, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার কাকচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন পল্টু জাটকা নিধনে বিরত থাকা জেলেদের জন্য সরকার কর্তৃক প্রদত্ত চাল বিতরণ না করে আত্নসাৎ এর অভিযোগে গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, বরগুনা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪) ধারা অনুযায়ী উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার কাকচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন পল্টু কর্তৃক সংগঠিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোনে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার কাকচিড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন পল্টু-কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(১) ধারা অনুযায়ী তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৫/৪/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী )
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.০০২.২০২০-৩৭৪

তারিখ- ০২ বৈশাখ ১৪২৭ / ১৫ এপ্রিল ২০২০

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বরগুনা ।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা ।
০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৭। জনাব মোঃ আলাউদ্দিন পল্টু, চেয়ারম্যান, (সাময়িক বরখাস্তকৃত), কাকচিড়া ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা ।
০৮। অফিস কপি।

১৫/৪/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী )
উপসচিব

৬৭৫

Supreme Court of Bangladesh
High Court Division, Dhaka.

*V.C. Writ Petition No.734 of 2020(Annex-17)*
Md. Alauddin Paltu Vs Bangladesh and others

Present:
*Mr. Justice M. Enayetur Rahim*

*22.07.2020*
Mr. Md. Ruhul Amin, Advocate ........For the petitioner

Mr. Amit Talukder, DAG with Mr. Tushar Kanti Roy, DAG and Mr. Toufiq Sajawar, AAG. ....... For the respondents

This application under Article 102 of Constitution of the People's Republic of Bangladesh has been filed challenging the memo no.46.00.0000.017.002.2020-374 dated 15.04.2020 and memo no.46.00.0000.017.002.2020-375 dated 15.04.2020 issued by the Deputy Secretary of Local Government Division of the Ministry of Local Government, Rural Development and Co-operatives, Bangladesh (Union Parishad-1) (respondent No.2) suspending the petitioner from the post of Chairman of No.06 Kakchirar Union Parishad of Upozila-Patharkata, Barguna and also sending a show cause notice (Annexure-H&H-1).

Heard the learned Advocates for the respective parties, perused the application and the documents thereto.

Let the application be placed before the regular Bench after re-opening of the Court.

Having considered the facts and circumstances of the present case, pending hearing of the substantive application let operation of the memo no.46.00.0000.017.002.2020-374 dated 15.04.2020 (Annexure-H) be stayed till 01(one) week after re-opening of the regular Court.

However, the Respondents are at liberty to proceed with the proceeding initiated against the petitioner in accordance with law.

Sd/-
M. Enayetur Rahim

Correct reproduction
of the original
Md. Imam Sarwar
Bench Officer
Supreme Court of Bangladesh
High Court Division, Dhaka.

26 AUG 2020
Kazi ... Assistant Registrar
(Senior Assistant Judge)
High Court Division
Bangladesh Supreme Court, Dhaka.

৬৭৮

# IN THE SUPREME COURT OF BANGLADESH
## APPELLATE DIVISION

**Present:**

Mr. Justice Syed Mahmud Hossain, Chief Justice.

Mr. Justice Hasan Foez Siddique

Mr. Justice Md. Nuruzzaman

Mr. Justice Obaidul Hassan.

**CIVIL PETITION FOR LEAVE TO APPEAL NO.1021 OF 2020.**

(From the order dated 22.07.2020 passed by the High Court Division in V.C. Writ Petition No.734 of 2020 (Annex-17)).

Md. Makbul Hossen Melon and others. ... Petitioners.

*-Versus-*

Md. Alauddin Paltu and others. ... Respondents.

| | |
|---|---|
| For the Petitioner : | Mr. A.B.M. Siddiqur Rahman Khan, Advocate instructed by Mr. Md. Zahirul Islam, Advocate-on-Record. |
| For Respondent No.1: | Mr. Z. I. Khan Panna, Senior Advocate instructed by Mr. Syed Mahbubar Rahman, Advocate-on-Record. |
| Respondent Nos.2-7 : | Not Represented. |
| Date of hearing: | The 13th September, 2020. |

**ORDER**

The leave petitioner preferred this petition against the order dated 22..07.2020 passed by the High Court Division in V.C. Writ Petition No.734 of 2020 (Annex-17) so far as it relates to interim order of stay.

Heard the learned counsel of both the parties and perused the petition.

Let the verified writ petition to be filed by the petitioner be heard by a competent Bench of the High Court Division as a motion.

The writ petitioner is directed to mention the writ petition before any competent Bench of the High Court Division within 02 (two) weeks from date. If writ petitioner fails to do so within 02 (two) weeks the order of stay passed by the Virtual Court of the High Court Division shall stand vacated.

The petition is accordingly disposed of.

Sd/- S.M. Hossain, C.J

Sd/- Hasan Foez Siddique, J.

Sd/- Md. Nuruzzaman, J.

Sd/- Obaidul Hassan, J.

The 13th September /2020

S. Alam

CERTIFIED TO BE A TRUE COPY
17-09-2020
Superintendent

**Basic Information**

Case Number : In re : Writ Petition 6156 / 2020

Case Nature :

Petitioner : Md. Alauddin Paltu

Respondent : Government of Bangladesh and others

**Current Status** :

**Current Position** :

**Case History**

Filing Date :

**Cause List History**

**Hearing 1 :** 28/09/20 Annex Building Court No. 33 Justice Md. Ashfaqul Islam, Justice Mohammad Ali

Result :

**Hearing 2 :** 29/09/20 Annex Building Court No. 33 Justice Md. Ashfaqul Islam, Justice Mohammad Ali

Result : Out of list

**Hearing 3 :** 30/09/20 Annex Building Court No. 35 Justice Md. Mozibur Rahman Miah, Justice Mohi Uddin Shamim

Result :

**Hearing 4 :** 01/10/20 Annex Building Court No. 35 Justice Md. Mozibur Rahman Miah, Justice Mohi Uddin Shamim

Result :

**Hearing 5 :** 04/10/20 Annex Building Court No. 35 Justice Md. Mozibur Rahman Miah, Justice Mohi Uddin Shamim

Result :

**Hearing 6 :** 05/10/20 Annex Building Court No. 35 Justice Md. Mozibur Rahman Miah, Justice Mohi Uddin Shamim

Result :

**Hearing 7 :** 06/10/20 Annex Building Court No. 35 Justice Md. Mozibur Rahman Miah, Justice Mohi Uddin Shamim

Result : Out of list

**Judgment and Orders**

Files : No file Uploaded.